ই - সংবাদ

উত্তর জেলার ৫টি পরিবারকে গরু পালনে সহায়তা

ধর্মনগর, ৯ এপ্রিল।। প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন ব্লক এলাকার ৫০টি পরিবারকে উন্নত জাতের বকনা বাছুর দেওয়া হবে। প্রত্যেক বেনিফিসিয়ারীকে ১টি করে বাছুর, গরুর জন্য খড় এবং গোখাদ্য ইত্যাদি দেওয়া হবে। প্রত্যেক বেনিফিসিয়ারীর জন্য এই প্রকল্পে ৯০ হাজার টাকা করে ব্যয় হবে। এই প্রকল্প রূপায়ণে মোট ব্যয় হবে ৪৫ লক্ষ টাকা। দপ্তরের উপঅধিকর্তা জানান, জেলার ২৭০টি পরিবারকে প্রতি মাসে বাছুরের জন্য ৫০ শতাংশ ভর্তুকীতে আদর্শ পশু খাদ্য দেওয়া হচ্ছে। প্রতি কেজি ২৭ টাকা মূল্যের গো খাদ্য সুবিধাভোগীগণ অর্ধেক মূল্য পাবেন। ২০১৭-১৮ অর্থবছরে এই কাজে ব্যয় হয়েছে ২২ লক্ষ ৬৪ হাজার ৪২০ টাকা।

সাব্রুমে ৫টি বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণীকক্ষ

সাব্রুম, ৯ এপ্রিল।। রূপাইছড়ি ব্লকের উদ্যোগে বহুমুখী এলাকা উন্নয়ন কর্মসূচিতে ব্লক এলাকার ৫টি বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে। ব্যয় হয়েছে ১ কোটি ৫০ লক্ষ টাকা। বনরাই পাড়া জে বি স্কুল, চিন্তারাম পাড়া জে বি স্কুল, তীরকুমার পাড়া জে বি স্কুল,বিষ্ণুপুর জে বি স্কুল এবং নবীরাম পাড়া জে বি স্কুলে এই অতিরিক্ত পাকা শ্রেণীকক্ষগুলি নির্মাণ করা হয়েছে। নতুন শ্রেণীকক্ষ নির্মাণের ফলে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের পঠন পাঠনের সুবিধা হবে। রুপাইছড়ি ব্লকের বিডিও তাপস সিনহা এই তথ্য জানান।

প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় ধর্মনগরে সভা

ধর্মনগর, ৯ এপ্রিল।। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় আগাম প্রস্তুতি গ্রহণের লক্ষে ধর্মনগর মহকুমা প্রশাসনের উদ্যোগে উত্তর ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ের সভাকক্ষে সম্প্রতি এক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে ধর্মনগর মহকুমা ম্যাজিস্ট্রেট রাজেশ কুমার দাস প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় আগাম প্রস্তুতি গ্রহনের পাশাপাশি যে কোন দুর্যোগের পরবর্তী সময়ে করণীয় বিষয়গুলি সম্পর্কে আলোচনা করেন। দুর্যোগের সময় যাতে দ্রুততার সঙ্গে মানুষকে প্রশাসনিক সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া যায় সে বিষয়ে তিনি সবাইকে প্রস্তুত থাকতে বলেন। প্রতিটি দপ্তরকে দুর্যোগের সময় সহায়তায় এগিয়ে আসার জন্যও তিনি নির্দেশ দিয়েছেন। প্রতিটি দপ্তর আধিকারিকদের তিনি প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার জন্য আগাম পরিকল্পনা তৈরী করে মহকুমা ম্যাজিস্ট্রেটের নিকট পরিকল্পনার রিপোর্ট জমা দিতে বলেন । প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় মহকুমার প্রতিটি গ্রাম পঞ্চায়েত ও পুর পরিষদের প্রতিটি ওয়ার্ডে ৫ জনের স্বেচ্ছা সেবক দল গঠন করে নাম জমা দিতে মহকুমা শাসক, বিডিও, পুর পরিষদের চীফ একজিকিউটিভ অফিসারকে বলেন। সভায় সিদ্ধান্ত হয় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় নোডাল অফিসার সহ প্রতিটি অফিসের কুাইক রেসপন্স টিম এবং পঞ্চায়েত ও পুর পরিষদের স্বেচ্ছা সেবকদের ৩০শে এপ্রিলের মধ্যে ১ দিনের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রাকৃতিক দুর্যোগের পর ক্ষয়ক্ষতির পরিমাণ দ্রুত সমীক্ষা করে সংগৃহীত তথ্য মহকুমা ম্যাজিস্ট্রেটের অফিসে জমা দিতে বলা হয়েছে। সভায় এস ডি পি ও জ্যোতিষ্মাণ দাস চৌধুরী, যুবরাজনগর ব্লকের বি ডি ও পরিতোষ বিশ্বাস, কালাছড়া ব্লকের বি ডি ও আশীষ বিশ্বাস, কদমতলা ব্লকের বি ডি ও বৈজয়ন্ত দাস, ডি সি এম সুদীপ্ত বিশ্বাস, জেলা শিক্ষা আধিকারিক বরুণ দাস সহ পূর্ত, স্বাস্থ্য পরিবার কল্যাণ, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, খাদ্য ও জনসংভরণ, কৃষি, উদ্যান ও ভূমি সংরক্ষণ ইত্যাদি দপ্তরের আধিকারিকগণ আলোচনা করেন।

তেলিয়ামুড়ায় আম্বেদকর জয়ন্তীর প্রস্তুতি

তেলিয়ামুড়া, ০৯ এপ্রিল।। তেলিয়ামুড়া পুরপরিষদের উদ্যোগে আগামী ১৪ই এপ্রিল তেলিয়ামুড়া মহকুমায় ড: বি. আর আম্বেদকরের জন্ম জয়ন্তী পালিত হবে। এ উপলক্ষে তেলিয়ামুড়া পুর পরিষদে সম্প্রতি এক প্রস্তুতি সভার আয়োজন করা হয়। তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন সজল কুমার দেঞ্চর সভাপতিত্বে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মঞ্জু ঋষি দাস, কাউন্সিলার উত্তম ঘোষ, কাউন্সিলার সুখেন্দু বিকাশ দাস প্রমুখ। আলোচনায় সিদ্ধান্ত হয়, ১৪ই এপ্রিল সকাল সাড়ে ৭টায় তেলিয়ামুড়া শিববাড়ীস্থিত ড: বি. আর. আম্বেদকরের মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হবে এবং ড: বি. আর. আম্বেদকরের জীবনী নিয়ে আলোচনা করা হবে। অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা বিধানসভার মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন সজল কুমার দে।

মার্চ মাসে আমবাসার বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

আমবাসা, ০৯ এপ্রিল।। দূরবর্তী অঞ্চলের জনসাধারণের কাছে স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়ার জন্য আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে গত মার্চ মাসে আমবাসা ব্লক এলাকার বিভিন্ন গ্রামে মোট ২৭টি স্বাস্থ্য শিবির করা হয়েছে। শিবিরগুলিতে বিভিন্ন পাড়ার ৬৩৩ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। শিবিরে ৮৬জন জ্বরের রোগীর রক্ত পরীক্ষা করা হয়। শিবিরে মানুষকে সচেতন করতে আলোচনাচক্রেরও আয়োজন করা হয়। মা ও শিশুর সুস্বাস্থ্য, শিশুদের সময় মত টিকা দেওয়া, ডাইরিয়া প্রতিরোধে পানীয়জল ফুটিয়ে খাওয়া, ম্যালেরিয়া থেকে রক্ষা পাওয়ার জন্য মশারী ব্যবস্থার, বাড়ী ঘর পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ইত্যাদি বিষয়ে সচেতনতা মূলক আলোচনা করে আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডা: নির্মল দেব, ডা: সুজিত দাস, সুপারভাইজার সুচিত্রা দেববর্মা প্রমুখ।

দূষণ নিয়ন্ত্রণে ধলাই জেলার বিভিন্ন স্কুলে কর্মসূচী

আমবাসা, ০৯ এপ্রিল।। ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে চলতি মাসে ধলাই জেলার ৯১টি স্কুলে দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ রক্ষা বিষয়ক সচেতনতা মূলক আলোচনাচক্র সংগঠিত করা হবে। একই সাথে প্রতিটি স্থানে সাফাই অভিযান এবং বৃক্ষরোপণও করা হবে। বন দপ্তরের আর্থিক সহায়তায় বিদ্যালয়ের ইকো ক্লাব এর আয়োজন করবে। ধলাই জেলা বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ কার্য্যালয়ের আধিকারিক এই তথ্য জানিয়েছেন।

সংস্কৃতিই হলো সমাজ পরিবর্তনের অন্যতম মাধ্যম : মুখ্যমন্ত্রী

আগরতলা,০৮ এপ্রিল।। নিজের ছেলে মেয়েকে আদর্শবান, দেশপ্রেমিক নাগরিক তৈরী করতে হলে ছবি আঁকা, গান-বাজনা, আবৃত্তি, নাটক ও এধরণের সাংস্কৃতিক কাজকর্মের সঙ্গে যুক্ত করতে হবে। তারা এই পরিবেশে থাকলে সমাজে যে সব কুসংস্কার তৈরী হচ্ছে, বৈষম্য তৈরী হচ্ছে তা নিজে নিজেই শেষ হয়ে যাবে। আজ সন্ধ্যায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শিল্পাঙ্গন শিশুচিত্র প্রশিক্ষণ কেন্দ্রের ২৫তম বর্ষপূর্তি এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। তিনি শিল্পাঙ্গনের স্মরণিকা ঞ্চপুস্পার্ঘ্যঞ্চ এর প্রকাশ করেন। বিভিন্ন প্রতিযোগিতায় এই শিক্ষা কেন্দ্রের বিজয়ী কৃতি ছাত্র-ছাত্রীদের হাতে মুখ্যমন্ত্রী পুরস্কার তুলে দেন।

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, ফুল ও শিশুদের মধ্যে কোনও পার্থক্য নেই। পবিত্র মানসিকতার শিশুদের সঙ্গে আজকের সন্ধ্যা কাটানোর সুযোগ করে দেওয়ার জন্য তিনি শিল্পাঙ্গনের পরিচালকদের ধন্যবাদ জানান। রাজ্য সরকারের পক্ষ থেকে তিনি রবীন্দ্র ভবনে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এই পৃথিবীতে যখন লিপির আবিস্কার হয়নি মানুষ তার মনের ভাব প্রকাশ করেছে চিত্র শিল্পের মাধ্যমে। পরবতী সময়ে মূর্তির মাধ্যমে শিল্পীগণ তাদের মনের ভাব প্রকাশ করেছেন। সেই সময়ের ছবি, মূর্তি দেখে আমরা জানতে পারি ঐ সময়ে সভ্যতা কেমন ছিল। শিল্পী তার শিল্পের মাধ্যমে কি বলতে চাইছে। চিত্রকলা কোনও সমাজ সংস্কৃতির সেই সময়ের অবস্থার বহি:প্রকাশের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। তিনি বলেন, বই পড়ে আমরা অনেক কিছু জানতে পারি। কিন্তু একটি ছবিই একটি বইয়ের মূল বক্তব্য বলে দিতে পারে। চিত্রকলা হলো বিজ্ঞান। রাজ্য সরকার রাজ্যের শিল্প সংস্কৃতিকে আরও তড়িৎ গতিতে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সঠিক দিশায় কাজ করবে।

মুখ্যমন্ত্রী বলেন, আমাদের রাজ্যের শিল্প সংস্কৃতি অনেক সমৃদ্ধ। সমৃদ্ধ সংস্কৃতি ধরে আছি বলেই হতাশা আমাদের ছুঁতে পারেনা। শিল্পাঙ্গনের মতো অনেক সংগঠন রাজ্যেই আছে যারা আমাদের সংস্কৃতিকে জাগিয়ে রেখেছে। মুখ্যমন্ত্রী বলেন, পুলিশ দিয়ে, প্রশাসন দিয়ে কোন দিন সমাজ পরিবর্তন করা যায়না। আমরা যারা সমাজে বাস করি আমাদের আচার আচরণ দিয়েই সমাজ পরিবর্তন হয়। সংস্কৃতিই হলো সমাজ পরিবর্তনের অন্যতম মাধ্যম। তিনি আশা প্রকাশ করেন সবার সহযোগিতায় ত্রিপুরা সঠিক দিশায় এগিয়ে যাবে।

অনুষ্ঠানে আলোচনা করেন নজরুল গবেষক, সঙ্গীত শিল্পী পঙ্কজ মিত্র। সভাপতিত্ব করেন শিল্পাঙ্গনের সহ সভাপতি ভাস্কর ভৌমিক। স্বাগত বক্তব্য রাখেন সংস্থার সম্পাদক সিদ্ধার্থ বন্দোপাধ্যায়। সংস্থার অধ্যক্ষ বিশ্বজিৎ গুপ্ত অতিথিদের হাতে স্মারক উপহার তুলে দেন। শিল্পী দেবাশিস রায় ভৌমিক নিজের হাতে আঁকা ছবি মুখ্যমন্ত্রী এবং পঙ্কজ মিত্রের হাতে তুলে দেন। উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করে শিল্পাঙ্গনের শিশু শিল্পীরা। পরে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

১০ এপ্রিল শান্তিরবাজারে বসন্ত উৎসব

শান্তিরবাজার,০৮ এপ্রিল।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং শান্তিরবাজার পুর পরিষদের যৌথ উদ্যোগে আগামী ১০ এপ্রিল শান্তিরবাজার কমিউনিটি হলে মহকুমা ভিত্তিক বসন্ত উৎসবের আয়োজন করা হয়েছে। ঐদিন বিকেল ৫টায় উৎসবের উদ্বোধন করবেন বিধায়ক প্রমোদ রিয়াং। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন ত্রিপুরা বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ গৌরি শংকর রিয়াং, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন শান্তিরবাজারের মহকুমা শাসক বিশ্বশ্রী বি, বকাফা ব্লকের বি.ডি.ও প্রদীপ সরকার, শান্তিরবাজার বিদ্যালয় পরিদর্শক দুলাল বিশ্বাস এবং শান্তিরবাজার পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক রুদ্রদীপ নাথ। এছাড়া সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন সমাজসেবী বিভীষণ দাস এবং সত্যব্রত সাহা। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সমাজসেবী প্রদীপ দাস।

সেচ ব্যবস্থা ও স্কুল পরিদর্শনে বিধায়ক শংকর রায়

সাব্রুম, ০৮ এপ্রিল।। বিধায়ক শংকর রায় সম্প্রতি সাব্রুম মহকুমার মনুঘাট ও বিজয়নগর এলাকার সেচ ব্যবস্থা পরিদর্শন করেন। পরিদর্শনকালে বিধায়কের সঙ্গে ছিলেন সেচ দপ্তরের মহকুমা আধিকারিক ও অন্যান্য কর্মীগণ। শুখা মরশুমে সেচ ও পানীয় জলের সমস্যায় মানুষের যাতে কষ্ট না হয় সেদিকে নজর দিতে সেচ দপ্তরের কর্মকর্তাদের পরামর্শ দেন তিনি।

এর আগে বিধায়ক ভূমিহীনটিলা জে.বি স্কুল পরিদর্শন করেন। আগরতলা সাব্রুম রেল লাইন এই বিদ্যালয়টির উপর দিয়ে যাবে। তাই যত তাড়াতাড়ি সম্ভব বিদ্যালয়টি অন্যত্র সরিয়ে নতুন স্কুলবাড়ি নির্মাণের জন্য বিধায়ক প্রস্তাব দেন। এ দিনই তিনি শ্যামসিং হাইস্কুল পরিদর্শন করেন। বহু পুরানো এই বিদ্যালয়ের বাড়িটিতে ফাটল দেখা দিয়েছে। পুরাতন বিদ্যালয় ভেঙ্গে নতুন বিদ্যালয় বাড়ি নির্মাণের কথা বলেন তিনি। দুটি বিদ্যালয় পরিদর্শনকালে বিধায়কের সঙ্গে ছিলেন সাব্রুম মহকুমা বিদ্যালয় পরিদর্শক সঞ্জিত মালাকার।

বইমেলায় ছয়দিনে ৬৫ লক্ষাধিক টাকার বই বিক্রি

আগরতলা, ০৮ এপ্রিল।। ৩৬ তম আগরতলা বইমেলার ষষ্ঠ দিনে গতকাল ১৫ লক্ষ ৮২ হাজার ১৩৮ টাকার বই বিক্রি হয়েছে। বইমেলায় গত ৬ দিনে মোট ৬৫ লক্ষ ৮৫ হাজার ৯৯২ টাকার বই বিক্রি হয়েছে।

বইমেলায় কবি সম্মেলন অনুষ্ঠিত

আগরতলা,০৮ এপ্রিল।। ৩৬তম আগরতলা বইমেলার সপ্তম দিনে শিশু উদ্যানের মুক্তমঞ্চে আয়োজিত ঞ্চবহুভাষী কবি সম্মেলনঞ্চ-এ আজও শতাধিক কবি স্বরচিত কবিতা পাঠ করেন। কবি সম্মেলন পরিচালনা করেন বিশিষ্ট কবি সন্তোষ রায়।

এদিকে শিশু উদ্যানের বইমেলা প্রাঙ্গঁণের মুক্তমঞ্চে আজ ঞ্চস্পর্শঞ্চ ও ঞ্চসন্ধিক্ষণঞ্চ নামে দুটি লিটল ম্যাগাজিন প্রকাশিত হয়েছে। ম্যাগাজিন দুটির সম্পাদনা করেছেন বিধান দে ও বাপ্পা চক্রবর্তী। ম্যাগাজিন দুটির মলাট উন্মোচন করেন কবি নকুল রায় ও কবি নন্দ কুমার দেববর্মা।

বইমেলায় বসে আঁকো প্রতিযোগিতা

আগরতলা,০৮ এপ্রিল।। ৩৬তম আগরতলা বইমেলার আজ সপ্তম দিনে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ৫-১৬ বছর বয়সী শিশু-কিশোরদের চারটি বিভাগে ঞ্চবসে আঁকো জ্বপ্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতায় চার শতাধিক প্রতিযোগী অংশ গ্রহণ করে। অন্যদিকে শিশু উদ্যানের মুক্তমঞ্চে ১৩-১৬ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের নিয়ে আয়োজিত হয় শুদ্ধ বানান ও গদ্য লেখা প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় ১৬ জন প্রতিযোগী অংশ গ্রহণ করে।

বিশেষ লোক আদালত অনুষ্ঠিত

আগরতলা,০৮ এপ্রিল।। ত্রিপুরা পশ্চিম জেলা আইনী সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ জেলা কোর্ট প্রাঙ্গঁণে বিশেষ লোক আদালত আয়োজিত হয়েছে। এই লোক আদালতে ৬টি বেঞ্চের মাধ্যমে ৯০০০ মোটর ভেহিক্যালসের ট্রাফিক চালান কেস এর নিষ্পত্তির মামলার আবেদন গ্রহণ করা হয়। মামলার নিষ্পত্তি হয়েছে ৪১১০টি এবং জরিমানা আদায় হয়েছে ২লক্ষ ৮৮ হাজার ৪০০ টাকা। এই সংবাদ জানিয়েছেন পশ্চিম জেলা আইনী সেবা কর্তৃপক্ষ সচিব দেবাশিষ কর।

সাব্রুমে উন্নয়নমূলক কাজের পর্যালোচনা

সাব্রুম,০৭ এপ্রিল।। বিধায়ক শংকর রায়ের উপস্থিতিতে সম্প্রতি সাব্রুম ডাকবাংলায় এক প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সাব্রুম মহকুমার বিভিন্ন উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করা হয়। সাব্রুম মহকুমার মহকুমা শাসক বিপ্লব দাস, সাতচাঁদ, রূপাইছড়ি ও পোয়াংবাড়ি ব্লকের বি ডি ওগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে বিধায়ক শংকর রায় চলতি উন্নয়নমূলক কাজগুলি দ্রুত শেষ করার পরামর্শ দেন। এছাড়া নতুন কাজের পরিকল্পনা প্রণয়নের কাজ দ্রুত তৈরী করতে বলেন। উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন ও শান্তি শৃঙ্খলা রক্ষায় তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এম জি এন রেগা, শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, সেচ ও পানীয় জল, আবাসন, কৃষি ও পশুপালন এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা সহ নানা উন্নয়নমূলক কাজের পর্যালোচনা হয় এই বৈঠকে।

ধলাই জেলার বিভিন্ন স্থানে বিশ্ব স্বাস্থ্য দিবস পালিত

আমবাসা,০৭ এপ্রিল।। বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে গঙ্গানগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আজ সকালে গঙ্গানগর বাজার কমিউনিটি হলে এক আলোচনাচক্র এবং বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়।

গঙ্গানগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের এম ও আই সি ডা: ফিলিপ রিয়াং বিশ্ব স্বাস্থ্য দিবসের উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন এবং বিভিন্ন রোগ সম্পর্কে উপস্থিত জনসাধারণকে সচেতন করেন। অনুষ্ঠানে আলোচনা করেন এলাকার বিশিষ্ট সমাজসেবী নন্দলাল ত্রিপুরা। স্বাস্থ্য শিবিরে বিভিন্ন এলাকার ২০ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।

বিশ্ব স্বাস্থ্য দিবস পালন উপলক্ষ্যে আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগেও আজ সকালে জওহর নগর হাই স্কুলের পাশে এক বিশেষ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে বিভিন্ন এলাকার ৬০ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। শিবিরে আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডা: নির্মল দেব উপস্থিত ছিলেন।

৯ এপ্রিল ওয়ানগালা উৎসবের উদ্বোধন

উদয়পুর,০৭ এপ্রিল।। ত্রিপুরা গারো ইউনিয়ন, তথ্য ও সংস্কৃতি দপ্তর, মহকুমা প্রশাসন এবং স্ব-শাসিত জেলা পরিষদের যৌথ উদ্যোগে আগামী ৯ ও ১০ এপ্রিল ১৩তম রাজ্য ভিত্তিক ওয়ানগালা উৎসব উদয়পুরের নাতিন টিলা মেলার মাঠে মুক্তমঞ্চে অনুষ্ঠিত হবে। ৯ই এপ্রিল সন্ধ্যা ৬টায় এই উৎসবের উদ্বোধন করবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সুদীপ রায় বর্মণ। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন রাজস্ব ও মৎস্য দপ্তরের মন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা, বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, ত্রিপুরা গারো ইউনিয়নের সভাপতি তথা এম ডি সি সঞ্জীব মারাক, মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারানী মজুমদার, গারো ইউনিয়নের সাধারণ সম্পাদক দীপক মারাক, অজিত রোগা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গোমতী জেলার জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার, পুলিশ সুপার বিজয় দেববর্মা, উৎসব কমিটির আহ্বায়ক তথা এস ডি এম সুভাশীষ বন্দোপাধ্যায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ত্রিপুরা গারো ইউনিয়নের সহ-সভাপতি জেরুম মারাক। ১০ এপ্রিল দ্বিতীয় দিন সন্ধ্যায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উপ-মুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা। বিশেষ অতিথি থাকবেন উপজাতি কল্যাণ ও বন মন্ত্রী মেবার কুমার জমাতিয়া, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিধায়ক প্রমোদ রিয়াং ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। উৎসব উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্থানীয় শিল্পীরা ছাড়াও রাজ্যের ও বহি:রাজ্যের শিল্পীরা বিভিন্ন সম্প্রদায়ের সংগীত, নৃত্য পরিবেশন করবেন। উৎসব উপলক্ষ্যে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হবে।

বনবীথি ইকো পার্কে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প বিষয়ে প্রশিক্ষণ

খোয়াই,০৭ এপ্রিল।। খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে আজ খোয়াই মহকুমার বনবীথি ইকো পার্কে স্বচ্ছ ভারত মিশন প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) এবং এম জি এন রেগা বিষয়ে প্রশিক্ষণ এবং রাজমিস্ত্রী ও যোগালিদের টি-শার্ট এবং শংসাপত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিধায়ক প্রশান্ত দেববর্মা, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জেলা শাসক ড: সন্দীপ এন মাহাত্নে সহ খোয়াই, পদ্মবিল, তুলাশিখর, তেলিয়ামুড়া সহ বিভিন্ন ব্লকের বি ডি ও গণ এবং বিশিষ্ট ব্যক্তিগণ। অনুষ্ঠানে সংক্ষিপ্ত আলোচনায় বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, রাজমিস্ত্রী ও যোগালিদের আরো বেশী করে প্রশিক্ষণের সাথে সাথে, জেলা, মহকুমা ও ব্লক প্রশাসনের মাধ্যমে ভারত সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পগুলির সুযোগ সুবিধাগুলি দ্রুত মানুষের মধ্যে পৌঁছে দিতে হবে। বিধায়ক প্রশান্ত দেববর্মা সরকারের বিভিন্ন প্রকল্পগুলি সঠিকভাবে বাস্তবায়িত করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে জেলা শাসক ড: সন্দীপ এন মাহাত্নে প্রধানমন্ত্রী আবাস যোজনা, এম জি এন রেগা ও স্বচ্ছ ভারত মিশনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে খোয়াই ও তেলিয়ামুড়া মহকুমা এলাকার বিভিন্ন ব্লক থেকে আগত রাজমিস্ত্রী ও যোগালিদের মধ্যে টি-শার্ট প্রদান করা হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর পেয়েছেন ও কাজ সম্পূর্ণ করেছেন এমন ২ জন সুবিধাভোগীর হাতে শংসাপত্র তুলে দেন।

ব্যাঙ্ক থেকে ঋণ প্রদান নিয়ে খোয়াইয়ে বৈঠক অনুষ্ঠিত

খোয়াই,০৫ এপ্রিল।। খোয়াইয়ে জেলা শাসক কার্যালয়ে বিভিন্ন ব্যাঙ্কের প্রতিনিধি ও বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে আজ জেলা শাসক ডা:

সন্দীপ এন মহাত্নের সভাপতিত্বে ডিষ্ট্রিক কনসালটেটিভ কমিটির (ডিসিসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন দপ্তরের মাধ্যমে ব্যাঙ্ক থেকে কে সি সি ঋণ, স্বাবলম্বন, পি এম ই জি পি, ন্যাশনাল আরবান লাভলিহুড মিশন, পি এম এস বি ওয়াই, এস এস ওয়াই, নর্থ ইষ্টান রুরাল লাভলিহুড প্রোগ্রাম, মুদ্রা যোজনা ইত্যাদি প্রকল্পে ঋণ প্রদান ও বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। যাদের এখন ও ব্যাঙ্ক একাউন্ট নেই তাদের একাউন্ট খোলার জন্য বিভিন্ন ভিলেজ, পঞ্চায়েত সমূহে সচেতনতা শিবির করার জন্য জেলা শাসক ডা: এস এন মহাত্নে গুরুত্বারোপ করেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আর বি আই এর এসিস্টেন্ট জেলারেল ম্যানেজার বি এম কে সিং, মহকুমাশাসক শ্যামজয় জমাতিয়া, তুলাশিখর ব্লকের বি ডি ও রিংকু রিয়াং, খোয়াই ব্লকের বি ডি ও পৃথিরাজ দেবনাথ সহ বিভিন্ন ব্যাঙ্কের আধিকারিক ও প্রতিনিধিগণ।

মানিকপুর এলাকায় স্বাস্থ্য শিবির

আমবাসা, ৫ এপ্রিল।। জনসাধারণের কাছে স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়ার লক্ষ্যে মানিকপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে গত মার্চ মাসে সংশ্লিষ্ট এলাকায় পাঁচটি এ ডি সি ভিলেজে ৩৪টি স্বাস্থ্য শিবির করা হয়েছে।

স্বাস্থ্য শিবিরগুলিতে বিভিন্ন পাড়ার ৪৪৫ জন রোগীকে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। স্বাস্থ্য শিবিরগুলোতে মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষা, শিশুদের টিকাকরণ, ম্যালেরিয়া ও ডাইরিয়া রোগ প্রতিরোধে করণীয় বিষয়গুলি নিয়ে সচেতনতামূলক আলোচনা করেন মানিকপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডা: অর্জুন দাস, ডা: অমর কান্তি ত্রিপুরা প্রমুখ। স্বাস্থ্য শিবিরে ভিলেজের বিশিষ্ট ব্যক্তিগণ ছাড়াও মা এবং শিশুরা উপস্থিত ছিলেন।

ধলাইয়ে সৌরশক্তি চালিত পানীয় জলের পাম্প

আমবাসা, ৫ এপ্রিল।। পানীয় জলের সমস্যা সমাধানের লক্ষ্যে ধলাই জেলা বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ কার্যালয়ের উদ্যোগে ২০১৭-১৮ অর্থ বছরে আমবাসা, গঙ্গানগর, মনু এবং ডম্বুরনগর ব্লক এলাকার ২৪টি পাড়াতে ২৪টি সৌরশক্তি চালিত জলের পাম্প বসানো হয়। এই পাম্প বসাতে ৩৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। টি আর পি এবং পি টি জি দপ্তরের বরাদ্দ অর্থে এই কর্মসূচি রূপায়ণ করা হয়েছে। এর ফলে ২৪টি পাড়ার প্রায় ৭০০টি পরিবার এই কর্মসূচির মাধ্যমে পানীয় জলের সুযোগ পাচ্ছেন।

তুলাশিখর ব্লকে উন্নয়ন কর্মসূচি পরিদর্শনে উপজাতি কল্যাণ মন্ত্রী

খোয়াই, ৪ এপ্রিল।। বন ও উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী মেবার কুমার জমাতিয়া আজ খোয়াই মহকুমার তুলাশিখর ব্লক এলাকা পরিদর্শন করেন। পরিদর্শন কালে মন্ত্রী শ্রী জমাতিয়া ব্লক এলাকার বাচাইবাড়ীস্থিত নির্মীয়মান কমিউনিটি হলের কাজ ঘুরে দেখেন ও কাজ দ্রুত সম্পন্ন

করতে সংশ্লিষ্ট আধিকারিককে নির্দেশ দেন। এরপর মন্ত্রী শ্রী জমাতিয়া তুলাশিখর কৃষি মহকুমার করঙ্গীছড়াস্থিত নারিকেল বাগান, কলা, সুপারী সহ বিভিন্ন নার্সারী সরেজমিনে পরিদর্শন করেন ও বিভিন্ন বিষয়ে খোঁজ খবর নেন। এরপর তিনি কচুবাড়ী এস বি স্কুলে অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ কাজ পরিদর্শন করেন ও বিভিন্ন বিষয়ে খোঁজ খবর নেন। এরপর তিনি সোমবারিয়া বাজারে স্থানীয় জনগণের সাথে মত বিনিময় শেষে পশ্চিম রাজনগর ভিলেজে ১টি ব্রীজ ঘুরে দেখেন ও সমরুছড়া এল-আই স্কিম সংলগ্ন স্থানে ১টি পাকাব্রীজ নির্মাণ করা যায় কিনা সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিষয়টি খতিয়ে দেখতে নির্দেশ দেন। এরপর তিনি তুলাশিখর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের গার্লস হোস্টেল পরিদর্শন করেন। পরিদর্শন কালে উপস্থিত ছিলেন, জেলাশাসক ডাঃ সন্দীপ এন মাহাত্নে, নির্বাহী বাস্তুকার (আর-ডি) শৈবাল ভট্টাচার্য্য, নির্বাহী বাস্তুকার (পূর্ত) ডি.দেবনাথ, এস.ডি.এম শ্যামজয় জমাতিয়া, এস.ডি.এফ.ও প্রণজিৎ ভৌমিক, বি.ডি.ও রিংকু রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন।

৭ এপ্রিল পূর্ব সাব্রুমে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির

সাব্রুম, ৪ এপ্রিল।। আগামী ৭ এপ্রিল পূর্ব সাব্রুম ভিলেজের গুণধন পাড়া এস বি স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। সাব্রুম মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই শিবিরে বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত থেকে এলাকাবাসীর সঙ্গে এলাকার উন্নয়ন নিয়ে আলোচনা করবেন। শিবিরে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে উপস্থিত রোগীদের চিকিৎসা করা হবে এবং বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ দেয়া হবে। মহকুমা প্রশাসনের পক্ষ থেকে আবেদনকারীদের এস টি, পি আর টি সি সহ বিভিন্ন সার্টিফিকেট দেয়া হবে। শিবির শুরু হবে সকাল ১০টায়।

মহকুমা শাসক এলাকার সকল অংশের মানুষকে শিবিরের সুযোগ নিতে অনুরোধ জানিয়েছেন।

জিরানীয়ায় বিদ্যুৎ পরিষেবা পেল ৪২১টি দরিদ্র পরিবার

জিরানীয়া, ৪ এপ্রিল।। জিরানীয়া বিদ্যুৎ নিগমের কার্যালয়ের উদ্যোগে ২০১৭-১৮ অর্থ বছরে জিরানীয়া ব্লকের ৪২১টি দারিদ্র সীমার নীচে বসবাসকারী পরিবারকে বিনামূল্যে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে। বি পি এল ভুক্ত এই পরিবারগুলির মধ্যে ব্লকের বড়জলা বীণাপাণী ভিলেজের ৫২টি, শচীন্দ্রনগর কলোণী গ্রাম পঞ্চায়েতের ৬১টি, পূর্ব বড় গ্রাম পঞ্চায়েতের ৪৬টি, জয়নগর গ্রাম পঞ্চায়েতের ২১টি, মাধব বাড়ী ভিলেজের ১৮টি, পশ্চিম বড়জলা ভিলেজের ৪১টি, বিশ্রামবাড়ী ভিলেজের ৩৪টি, কৈয়াচাঁন বাড়ী ভিলেজে ৫২টি এবং উত্তর জয়নগর ভিলেজের ৭৬টি পরিবার এই সুযোগ পেয়েছে। জিরানীয়া বিদ্যুৎ কার্যালয় থেকে এই তথ্য দিয়ে জানানো হয়েছে, এই বছর ব্লক এলাকায় দীনদয়াল উপাধ্যায় গ্রাম জ্যোতি যোজনায় ১১.২৫ কিঃমিঃ এল টি লাইন, ৩.২ কিঃমিঃ এইচ টি লাইন সম্প্রসাণ করা হয়েছে।

৩৬তম আগরতলা বইমেলা উপলক্ষ্যে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সাংস্কৃতিক অনুষ্ঠান

আগরতলা, ৪ এপ্রিল।। ৩৬তম আগরতলা বইমেলা উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের দ্বিতীয় প্রেক্ষাগৃহে গতকাল থেকে দশ দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রতিদিন সন্ধ্যায় এই সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। গতকালের সাংস্কৃতিক অনুষ্ঠানে মোহনপুর ও আমবাসা মহকুমার শিল্পীগণ সহ বিভিন্ন

সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সমবেত সংগীত, নৃত্য, ভজন ও কীত্তন পরিবেশন করেন। দশ দিনব্যাপী এই সাংস্কৃতিক অনুষ্ঠান প্রতিদিন এক একটি দিবস হিসেবে পালিত হবে। গতকাল আরাধনা দিবস হিসেবে উদযাপিত হয়েছে।